

কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ

ছাত্রদল নেতাদের হুমকির মুখে অধ্যক্ষ
কলেজে যেতে পারেননি ॥ শিক্ষকরা
ক্লাস বর্জন করে চলছে

কুমিল্লা থেকে মাহবুব আলম বাবু : কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্রদল নেতাদের হুমকির মুখে নবনিযুক্ত অধ্যক্ষ গত সোমবার কলেজে যোগ দিতে পারেননি। ছাত্রদল নেতাদের হুমকি ও অসদাচরণের পরিপ্রেক্ষিতে কলেজ শিক্ষক পরিষদ কর্তৃক ক্লাস বর্জন কর্মসূচি গত সোমবার দ্বিতীয়দিনের মতো অব্যাহত ছিল। অধ্যক্ষের যোগদান ঠেকাতে এবং শিক্ষক পরিষদ কর্তৃক অধ্যক্ষের যোগদান নিশ্চিত করার লক্ষ্যে উভয় পক্ষের মুখোমুখি অবস্থানে সভাব্য অশান্তির পরিস্থিতি নিয়ন্ত্রনে আনতে বিপুল সংখ্যক পুলিশ কলেজ ক্যাম্পাসে মোতায়েন ছিল। সকাল ১১টা পর্যন্ত কলেজ অধ্যক্ষ তার কার্যালয়ে না আসায় অশান্তির কোন ঘটনা ঘটেনি। ছাত্রদল ক্যাম্পাসে অধ্যক্ষের অপসারণ দাবি করে মিছিল বের করে। অন্যদিকে শিক্ষক পরিষদ ক্লাস বর্জন কর্মসূচি অব্যাহত রাখায় ছাত্রছাত্রীরা কলেজে এসে চলে যায়।

কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের অধ্যক্ষ আবু তাহেরের অবসরজনিত কারণে ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের অধ্যক্ষ আশরাফুল ইসলামকে এ কলেজের অধ্যক্ষ হিসেবে বদলি করা হয়; কিন্তু ৯৬-এর জানতার মঞ্চের পোক হিসেবে

আখ্যায়িত করে কলেজের ছাত্রদল নেতা ও ডিপি ওয়ানিমের নেতৃত্বে চারদলীয় জোট ছাত্র সংগঠনের নেতৃত্ব নবাগত অধ্যক্ষের কার্যালয়ে তালা খুলিয়ে দেয় এবং অপসারণের দাবি জানায়। এ পরিস্থিতিতে অধ্যক্ষ আশরাফুল ইসলাম কলেজে যোগ দিয়ে এক সপ্তাহের ছুটি নিয়ে চলে যান। সোমবার ছুটিশেষে যোগদানের কথা থাকলেও তিনি আসেননি। নতুন করে ছুটি নিয়েছেন কিনা, জানা যায়নি। অন্যদিকে কলেজ শিক্ষক পরিষদ অধ্যক্ষের যোগদান নিশ্চিত করতে এবং ছাত্রদল নেতাদের হুমকি ও অসদাচরণের প্রতিবাদে ক্লাস বর্জন কর্মসূচি অব্যাহত রেখেছে।